Michigan Voting.org

কীভাবেঃ

ভোট দেয়ার জন্য নিবন্ধন করুন।

সকল যোগ্য মিশিগানবাসীর দৃষ্টি আকর্ষণ করছি!
আপনি মিশিগানে ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন যদি:

- আপনি একজন মার্কিন নাগরিক হয়ে থাকেন।
- আপনি মিশিগানে আপনার শহর বা টাউনশিপে অন্তত ৩০ দিন ধরে বসবাস করছেন (অথবা নির্বাচনের দিন নাগাদ ৩০ দিন পূর্ণ হবে)।
- আপনার বয়স কমপক্ষে ১৭.৫ বছর (এবং নির্বাচনের দিন নাগাদ আপনার বয়স ১৮ বছর পূর্ণ হবে)।
- আপনি বর্তমানে জেল বা কারাগারে কোনো সাজা ভোগ করছেন না।



আপনি কি জানেন?

আপনার বয়স যদি ১৬ থেকে ১৭.৫ বছরের মধ্যে হয় এবং আপনি উপরে উল্লেখিত অন্যান্য শর্ত পূরণ করেন, তবে আপনি ভোট দেওয়ার জন্য প্রাক-নিবন্ধন করতে পারেন! প্রাক-নিবন্ধন করার ফলে, বয়স ১৭.৫ বছর পূর্ণ হওয়ার সাথে সাথেই আপনি স্বয়ংক্রিয়ভাবে একজন নিবন্ধিত ভোটার হয়ে যাবেন।

ভোট দেওয়ার জন্য নিবন্ধন বা প্রাক-নিবন্ধন করতে নিচের ধাপগুলো অনুসরণ করুন!

ধাপ ১ঃ আপনি যেখানে বসবাস করেন, সেই ঠিকানায় ইতোমধ্যে ভোটার হিসেবে নিবন্ধিত আছেন কি না তা যাচাই করুন। এটি যাচাই করতে mi.gov/vote-এ যান অথবা আপনার স্থানীয় কেরানীর অফিসে ফোন করুন। আপনি যদি বর্তমান ঠিকানায় ইতোমধ্যে ভোটার হিসেবে নিবন্ধিত থাকেন, তাহলে ভোট দেওয়ার জন্য আপনি প্রস্তুত! নিবন্ধিত না থাকলে, ধাপ ২-এ যান।

ধাপ ২ঃ আপনি যেখানে বসবাস করেন সেখানে যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত না হয়ে থাকেন, তবে নিচের যেকোনো একটি পদ্ধতি ব্যবহার করে নিবন্ধন করুন:

নির্বাচনের দিনের ১৫ দিন আগে পর্যন্ত আপনি যেভাবে নিবন্ধন করতে পারবেন:

।সশরীরে - সেক্রেটারি অব স্টেটের যেকোন শাখা অফিসে; আপনার শহর, টাউনশিপ বা কাউন্টি কেরানীর অফিসে; প্রতিবন্ধী ব্যক্তি বা জনসাধারণকে সহায়তা প্রদানকারী যেকোনো রাষ্ট্রীয় সংস্থায়; যেকোনো সশস্ত্র বাহিনীর নিয়োগ অফিসে; অথবা ভোটার নিবন্ধন কর্মসূচিতে।

অনলাইনে - mi.gov/vote-এ। (অনলাইনে নিবন্ধন করার জন্য আপনার একটি বৈধ মিশিগান ড্রাইভিং লাইসেন্স বা স্টেট আইডি থাকতে হবে।)

ডাকযোগে - আপনি mi.gov/vote থেকে অনলাইনে একটি আবেদনপত্র প্রিন্ট করে, সেটি পূরণ করে ডাকযোগে পাঠাতে পারেন। আপনার আবেদনপত্রটি নির্বাচনের দিনের কমপক্ষে ১৫ দিন আগে পোস্টমার্ক করা থাকতে হবে!

নির্বাচনের দিনের ১৪ দিন আগে থেকে নির্বাচনের দিন রাত ৮টা পর্যন্ত, আপনি শুধুমাত্র আপনার শহর বা টাউনশিপ কেরানীর অফিসে বসবাসের প্রমাণপত্রসহ ভোটার হিসেবে নিবন্ধন করতে পারবেন। বসবাসের প্রমাণ হিসেবে আপনি মিশিগান ড্রাইভিং লাইসেন্স বা স্টেট আইডি কার্ড, সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাংক স্টেটমেন্ট, পে-চেক, সরকারি চেক, অথবা অন্য কোনো সাম্প্রতিক সরকারি নথি ব্যবহার করতে পারেন।

এই নির্দেশিকাটি ১ জুন, ২০২৬ পর্যন্ত সঠিক। সর্বশেষ তথ্যের জন্য *MichiganVoting.org* - এ যান।